



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৩১১.২৩.০০৫.৯৮.১০

তারিখ: ২৪.১০.২০২১ খ্রি.

**বিষয়: জাতীয় পল্লী উন্নয়ন পদক (২০১২-২০১৮) প্রদান অনুষ্ঠানস্থলের প্রদর্শনী স্টলে প্রদর্শনের জন্য সুবিধাভোগীদের উৎপাদিত পণ্যের তালিকা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ৩১ অক্টোবর ২০২১ খ্রি. তারিখে জাতীয় পল্লী উন্নয়ন পদক (২০১২-২০১৮) প্রদান অনুষ্ঠিত হতে যাচ্ছে। দেশজ উৎপাদন বৃদ্ধিতে অবদান রাখার মাধ্যমে পল্লী উন্নয়নে শ্রেষ্ঠতর ভূমিকা পালনের জন্য মনোনীত সমবায়ী সদস্যগণ এ অনুষ্ঠানে পুরস্কার গ্রহণ করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী জনাব মো. তাজুল ইসলাম, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য, এমপি। সভাপতিত্ব করবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি। এছাড়া অনুষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ, বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ, বিভিন্ন মিডিয়ার সাংবাদিকসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত সমবায়ীগণ উপস্থিত থাকবেন। জাতীয় পল্লী উন্নয়ন পদক (২০১২-২০১৮) প্রদান অনুষ্ঠানস্থলে বিআরডিবি'র সুবিধাভোগীদের উৎপাদিত পণ্য প্রদর্শনীর লক্ষ্যে স্টল স্থাপন করা হবে। আশা করা যাচ্ছে এ অনুষ্ঠানে প্রদর্শনের মাধ্যমে তৃণমূল পর্যায়ে পল্লী এলাকায় বসবাসকারী মানুষের উৎপাদিত পণ্য সরকারের নীতি নির্ধারক, ব্যবসায়ী, দেশি বিদেশী উদ্যোক্তা ইত্যাদি শ্রেণির দৃষ্টি আকর্ষণ করা সম্ভব হবে। এতে করে তৃণমূল পর্যায়ের পল্লী এলাকায় বসবাসকারী মানুষের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের লিংকেজ সৃষ্টি হওয়ার সম্ভবনা রয়েছে।

(২) প্রদর্শনী স্টলে বিআরডিবি'র সুবিধাভোগী সদস্যদের উৎপাদিত পণ্য প্রদর্শনের পাশাপাশি বিক্রয়ের সুযোগ থাকবে। অনুষ্ঠানস্থলে সুবিধাভোগীদের উৎপাদিত পণ্য প্রদর্শনীর জন্য প্রকল্প/কর্মসূচির মধ্যে (১) কারুপল্লী, (২) উদকনিক, (৩) গাইবান্ধা সমন্বিত পল্লী দায়িত্ব দূরীকরণ প্রকল্প ও (৪) পিইপি (কারুগৃহ) কে নির্বাচনপূর্বক ০১টি করে (১২'x৮') সাইজের স্টল বরাদ্দ করা হয়েছে। এ সকল প্রকল্প/কর্মসূচির সুবিধাভোগীদের উৎপাদিত পণ্য প্রদর্শনী স্টলে প্রদর্শনের জন্য ইতোমধ্যে পণ্য তালিকা চূড়ান্ত করা হয়েছে।

(৩) প্রকল্প/কর্মসূচির সুবিধাভোগীদের উৎপাদিত পণ্য প্রদর্শনের জন্য পর্যাপ্ত পরিমাণে পণ্যসহ ০২ জন করে প্রতিনিধি ঢাকায় আগমন এবং প্রদর্শনী শেষে মালামালসহ প্রত্যাগমন করতে পারবেন। প্রেরিত ০২ জন প্রতিনিধির যাতায়াত, ঢাকায় অবস্থান ও খাবার খরচ এবং মালামাল পরিবহনসহ অন্যান্য ব্যয় প্রকল্প/কর্মসূচির নিজ নিজ বাজেট থেকে নির্বাহ করা যাবে।

(৪) নির্বাচিত প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ প্রদর্শনী স্টলের যে কোন বিষয়ে স্টল সাব কমিটির প্রধান সমন্বয়কারী যুগ্মপরিচালক (নিরীক্ষা) এর সাথে যোগাযোগ করতে পারবেন।

এমতাবস্থায়, প্রকল্প/কর্মসূচির সুবিধাভোগীদের উৎপাদিত পণ্য প্রদর্শনের জন্য পর্যাপ্ত পরিমাণে পণ্যসহ ০২ জন করে প্রতিনিধি ৩০ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ সকাল ১০ ঘটিকার মধ্যে ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নির্বাচিত পণ্যের তালিকা।

  
২৪/১০/২০২১  
মো. ইসমাইল হোসেন

পরিচালক (অর্থ)

ও আহবায়ক,

জাতীয় পল্লী উন্নয়ন পদক (২০১২-২০১৮) প্রদান  
অনুষ্ঠানস্থলের প্রদর্শনী স্টল ব্যবস্থাপনা সাব কমিটি।

তারিখ: ২৪.১০.২০২১ খ্রি.

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৩১১.২৩.০০৫.

(১) প্রকল্প/কর্মসূচি পরিচালক,.....।

(২) মহাপরিচালক এর একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।

(৩) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।

(৪) সংশ্লিষ্ট নথি।

  
২৪/১০/২০২১  
মো. আলমগীর হোসেন আলি মেওয়াজ

উপপরিচালক (নিরীক্ষা)

ও সদস্য সচিব

জাতীয় পল্লী উন্নয়ন পদক (২০১২-২০১৮) প্রদান  
অনুষ্ঠানস্থলের প্রদর্শনী স্টল ব্যবস্থাপনা সাব কমিটি।